

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 28 April, 2025

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামকে বাংলাদেশের আগামীর প্রধানমন্ত্রী আখ্যা দিয়ে তাকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন দলটির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ।

সোমবার বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে নাহিদ ইসলামের সঙ্গে তোলা একটি ছবি পোস্ট করে ক্যাপশনে হাসনাত আব্দুল্লাহ লিখেছেন- ‘শুভ জন্মদিন। বাংলাদেশের আগামীর প্রধানমন্ত্রী নাহিদ ইসলাম।’

উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র-জনতা আন্দোলনের অন্যতম প্রধান মুখ ছিলেন নাহিদ ইসলাম। রক্তক্ষয়ী এই আন্দোলনে আওয়ামী লীগ সরকারের পতনের অন্তর্বর্তী সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন তিনি। পরে গত ২৫ ফেব্রুয়ারি জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগদানের উদ্দেশ্যে উপদেষ্টার পদ ছাড়েন নাহিদ।

অন্যদিকে হাসনাত আব্দুল্লাহও বৈষম্যবিরোধী ছাত্র-জনতা আন্দোলনের অন্যতম পরিচিত মুখ। বর্তমানে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হিসেবে দায়িত্বপালন করছেন তিনি।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:14

URL: <https://www.timestodaybd.com/public/national/5481991581>